গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৬০২.১৮.০০১(অংশ-০৪).২০২৪-992 তারিখ: 22/০৬/২০২৫খ্রি.

প্রতি,

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
বিভাগঃ রংপুর/রাজশাহী।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
অঞ্চলঃ রাজশাহী/বগুড়া/পাবনা/রংপুর/দিনাজপুর।

৩। নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃরাজশাহী/নওগাঁ/নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/বগুড়া/জয়পুরহাট/পাবনা/সিরাজগঞ্জ/রংপুর/গাইবান্ধা/লালমনিরহাট/কুড়িগ্রাম/দিনাজপুর/নীলফামারী/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

**বিষয়: মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল)-এর খনি হতে উৎপাদিত ০-৫ মি.মি. আকার স্টোন ডাস্ট স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)-এর বিভিন্ন প্রকল্পের কাজে ব্যবহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এমজিএমসিএল-এর ভূ-গর্ভস্থ খনি হতে প্রতিদিন গড়ে ৫,৫০০ মেট্রিক টন পাথর উৎপাদন হয়। মধ্যপাড়া খনির পাথর ব্যবহারকারী সরকারি প্রতিষ্ঠানসমূহ হচ্ছে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, সড়ক ও জনপথ অধিদপ্তর, এলজিইডি, বন্দর কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তর। মূলতঃ এই সরকারি ও আধাসরকারি প্রতিষ্ঠানসমূহের চাহিদা পুরণের উদ্দেশ্যেই বাংলাদেশ তেল,গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)কর্তৃক মধ্যপাড়া কঠিন শিলা খনি প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছিল। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির গত ০২-০৩-২০১০ তারিখে অনুষ্ঠিত সভায় "এখন থেকে সকল সরকারি Procurement এর ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে উৎপাদিত দ্রব্য-সামগ্রী অগ্রাধিকার ভিত্তিতে ক্রয় করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এরই ধারাবাহিকতায় দেশের কাঙ্খিত বৈদেশিক মুদ্রা'সাশ্রয়কল্পে আমদানি নির্ভরতা কমিয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের রংপুর ও রাজশাহী বিভাগের বিভিন্ন প্রকল্পের কাজে (বিশেষ করে Dense Carpeting সহ অন্যান্য কাজে) প্রয়োজন অনুযায়ী এবং Specification meet করা সাপেক্ষে মধ্যপাড়া খনির উৎপাদিত ০-৫ মি.মি. আকার স্টোন ডাস্ট ব্যবহারের লক্ষ্যে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

22/06/2025

(মোঃ আব্দুর রশীদ মিয়া)
প্রধান প্রকৌশলী (চঃ দাঃ)
ফোনঃ ০২-৫৫০০৭২৪৮
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ (জ্ঞাতার্থে এবং কার্যার্থে)

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৪। উপজেলা প্রকৌশলী (সকল), রাজশাহী ও রংপুর বিভাগ, এলজিইডি।